



বাংলাদেশ কৃষি ব্যাংক

ঋণ আদায় বিভাগ

প্রধান কার্যালয়, ঢাকা

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

www.krishibank.org.bd

টেলিফোন : ৯৫৫১৬০৭, email:dgmpmd@krishibank.org.bd

পরিবেশ বান্ধব ব্যাংকিং করণ

নং প্রকা/ঋণ আদায় (পিএমডি)-০৫(৫৪৯৮)/২০১৯-২০২০/ ২৭১

তারিখঃ ১৫.০৯.২০১৯ ইং

মহাব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক

সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়।

বিষয় : পরিচালনা পর্ষদ কর্তৃক জুলাই/২০১৭ থেকে ডিসেম্বর /২০১৮ইং পর্যন্ত এবং জানুয়ারি/২০১৯ হতে জুন/২০১৯ ইং পর্যন্ত সময়কালে গৃহীত সুদ মওকুফ সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন পরিচালনা পর্ষদকে অবহিতকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

গত ০৮.০৮.২০১৯ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৭৪০তম সভায় পরিচালনা পর্ষদ কর্তৃক জুলাই/২০১৭ থেকে ডিসেম্বর /২০১৮ইং পর্যন্ত এবং জানুয়ারি/২০১৯ হতে জুন/২০১৯ ইং পর্যন্ত সময়কালে গৃহীত সুদ মওকুফ সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন সংক্রান্ত কার্যপত্র উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক বিষয়টির উপর বিস্তারিত পর্যালোচনাপূর্বক নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয় যা গত ২৯.০৮.২০১৯ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৭৪১তম সভায় দৃঢ়ীকৃত হয় :

সিদ্ধান্ত :


“ জুলাই/২০১৭ থেকে ডিসেম্বর /২০১৮ইং পর্যন্ত এবং জানুয়ারি/২০১৯ হতে জুন/২০১৯ ইং পর্যন্ত সময়কালে পরিচালনা পর্ষদ সভায় গৃহীত সুদ মওকুফ সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন পর্ষদ অবহিত হন এবং নিম্নবর্ণিত সিদ্ধান্ত প্রদান করেন :

- ১। পরিচালনা পর্ষদ সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী যে সকল গ্রাহক নির্ধারিত সময়ের মধ্যে মওকুফোত্তর ব্যাংকের পাওনা পরিশোধ করেননি তাদের বিরুদ্ধে দ্রুত আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ২। যে সকল গ্রাহক মওকুফোত্তর ব্যাংকের পাওনা নির্ধারিত কিস্তি মোতাবেক নিয়মিত পরিশোধ করছেন তাদের নিকট হতে অবশিষ্ট কিস্তিসমূহ যথাসময়ে আদায় নিশ্চিত করার জন্য কঠোর মনিটরিং করতে হবে; এবং
- ৩। আলোচ্য প্রতিবেদনটি ৬(ছয়) মাস অন্তর অন্তর পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে।”

০২। এমতাবস্থায়, জুলাই/২০১৭ থেকে ডিসেম্বর /২০১৮ইং পর্যন্ত এবং জানুয়ারি/২০১৯ হতে জুন/২০১৯ ইং পর্যন্ত সময়কালে পরিচালনা পর্ষদ সভায় গৃহীত সুদ মওকুফকৃত ঋণ হিসাবসমূহের বিষয়ে পর্ষদের উপরোক্ত সিদ্ধান্ত বাস্তবায়ন নিশ্চিত করাসহ এ বিষয়ে অগ্রগতি প্রতিবেদন ষান্মাসিক ভিত্তিতে (প্রতি ডিসেম্বর ও জুন ভিত্তিক) পরবর্তী মাসের ১০ (দশ) তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৩। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

আপনার বিশ্বস্ত


(মোঃ আজিজুল বারী)

মহাব্যবস্থাপক


ঋণ আদায় মহাবিভাগ (অতিঃ দায়িত্বে)

তারিখঃ ১৫.০৯.২০১৯ ইং

নং প্রকা/ঋণ আদায় (পিএমডি)-০৫(৫৪৯৮)/২০১৯-২০২০/ ২৭১ (৭)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-২ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, পরিকল্পনা ও পরিচালন/ঋণ আদায় মহাবিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৪। সচিব/উপ-মহাব্যবস্থাপক, পর্ষদ সচিবালয়/আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। উপরোক্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বিকেবি।
- ০৭। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)।


(রাহ্মাকুল হায়দার চৌধুরী)

উপ- মহাব্যবস্থাপক